



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং  
শিক্ষা ভবন, ঢাকা



www.dshe.gov.bd

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯

তারিখ: ২৮/০১/২০২১খ্রি:

বিষয়: কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় চালুকরণের প্রাক প্রস্তুতি পরিবীক্ষণ

সূত্র: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.১০৭ তারিখ: ২২/০১/২০২১খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে, দেশের সকল মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্তরযুক্ত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের (সরকারি ও বেসরকারি) শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা থেকে গত ২২/০১/২০২১ তারিখে একটি 'গাইড লাইন' সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে (সংযুক্ত)। এ গাইড লাইন যথাযথভাবে অনুসরণ করে সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত, নিরাপদ ও আনন্দময় প্রতিষ্ঠান হিসেবে নিজেদের প্রস্তুত করছে কি না তা পরিবীক্ষণ করা প্রয়োজন। সে লক্ষ্যে সকল আঞ্চলিক পরিচালক, জেলা শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ নিজ নিজ অঞ্চল, জেলা এবং উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে এ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে কি না তা পরিবীক্ষণ এর মাধ্যমে নিশ্চিত করবেন। কোন প্রতিষ্ঠান উক্ত 'গাইড লাইন' যথাযথভাবে বাস্তবায়ন না করে থাকলে, কেন বাস্তবায়ন করতে পারছে না তা পরিচালক, মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং-কে ই-মেইলের (director\_mew\_dshe@yahoo.com) মাধ্যমে অবহিত করবেন।

এমতাবস্থায়, কোভিড-১৯ মোকাবিলার পাশাপাশি 'মুজিব বর্ষ' উপলক্ষ্যে স্থায়ীভাবে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে স্বাস্থ্যসম্মত, নিরাপদ ও আনন্দময় প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে 'গাইড লাইন' অনুসরণপূর্বক যথাযথ পদক্ষেপ নেওয়া হচ্ছে কি না তা পরিবীক্ষণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বা/-

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা

১. আঞ্চলিক পরিচালক (সকল অঞ্চল)
২. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)
৩. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯.

তারিখ: ২৮/০১/২০২১খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/এমইডব্লিও), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

২। অধ্যক্ষ (সকল) .....

৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা


৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (নির্দেশনা পত্রটি মাউসি'র ওয়েবসাইট এ প্রকাশের অনুরোধসহ)

৭। প্রধান শিক্ষক (সকল) .....

৮। পিএটু, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

৯। সংরক্ষণ নথি।

  
২৮/০১/২০২১  
(মোহছেনা বেগম)

সহকারী পরিচালক

মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা

ফোন: ৯৫৭৪১০৬